ঝিনাইদহে ইসলামী ব্যাংকের গ্রাহকদের মানববন্ধন

ঝিনাইদহে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর গ্রাহকরা মানববন্ধন কর্মসূচি পালন করেছেন।

রোববার (২৪ মে) সকালে শহরের শের-এ বাংলা সড়কে ইসলামী ব্যাংক শাখার সামনে ইসলামী ব্যাংক সচেতন গ্রাহক ফোরাম-এর ব্যানারে এ কর্মসূচির আয়োজন করা হয়। এতে ব্যানার-ফেস্টুন নিয়ে ব্যাংকের দুই শতাধিক গ্রাহক অংশ নেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন ইসলামী ব্যাংক সচেতন গ্রাহক ফোরামের নেতা ড. মোস্তাফিজুর রহমান মানিক, আব্দুল কুদ্দুস, জিয়াউল ইসলাম খান, হাদী মোহাম্মদ, আব্দুর রহমান সালাফী, সদস্য সচিব মো. আব্দুল মোমেন, সবুর আহম্মেদসহ অন্যান্যরা।

বক্তারা অভিযোগ করে বলেন, সরকার ও বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন হস্তক্ষেপে দেশের ইসলামী ব্যাংকিং ব্যবস্থা আজ ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছেছে। সাম্প্রতিক বিভিন্ন সিদ্ধান্তের কারণে ইসলামী ব্যাংকের স্বকীয়তা ও কার্যক্রম মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এতে শুধু ব্যাংকটির স্বাভাবিক কার্যক্রমই ব্যাহত হচ্ছে না, দেশের অর্থনীতি ও লাখো গ্রাহকের আমানতের নিরাপত্তা নিয়েও উদ্বেগ তৈরি হয়েছে।

এ সময় বক্তারা আরও বলেন, ইসলামী ব্যাংক বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক ওমর ফারুককে সাময়িক ছুটিতে পাঠিয়ে তাকে স্থায়ীভাবে ব্যাংক থেকে সরিয়ে দেওয়ার অপচেষ্টা চলছে। তারা এ ধরনের উদ্যোগে গভীর উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে ওমর ফারুককে তার দায়িত্বে পুনর্বহালের দাবি জানান।

পাশাপাশি ইসলামী ব্যাংকিং ব্যবস্থার স্বকীয়তা অক্ষুণ্ন রাখা, গ্রাহকদের আমানতের নিরাপত্তা নিশ্চিত করা এবং ব্যাংকের স্বাভাবিক কার্যক্রমে সকল ধরনের হস্তক্ষেপ বন্ধে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান তারা।

মুজিবনগরে ইসলামী ব্যাংকের ভল্ট ভেঙে টাকা চুরি

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর বাজারে অবস্থিত ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের এজেন্ট শাখায় দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে।

বুধবার (৮ জানুয়ারি) রাতের কোনো এক সময় চোর চক্র ব্যাংকের পিছনের জানালার গ্রিল কেটে ভেতরে প্রবেশ করে। এরপর ভোল্টের তালা ভেঙে সিন্দুক ভেঙে ৬ লক্ষ ৩৩ হাজার টাকা চুরি করে পালিয়ে যায়।

এজেন্ট ব্যাংকের ম্যানেজার আব্দুল গাফফার জানান, বৃহস্পতিবার সকালে ব্যাংকের পিয়ন হাসিবুল প্রথমে চুরির বিষয়টি লক্ষ্য করেন এবং আমাকে ফোন করে বিষয়টি জানান। আমি দ্রুত ব্যাংকে এসে দেখতে পাই জানালার গ্রিল কাটা, ভোল্টের তালা ভাঙা এবং সিন্দুক ভাঙা অবস্থায় রয়েছে। বুধবার দিনের হিসাব শেষে ব্যাংকে ৬ লক্ষ ৩৩ হাজার টাকার বেশি জমা রাখা হয়েছিল, যা চোরেরা চুরি করে নিয়ে গেছে।

চুরির খবর পাওয়ার পর মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান পুলিশ বাহিনী নিয়ে ঘটনাস্থলে আসেন। প্রাথমিক তদন্তে জানালার গ্রিল এবং ভোল্টের তালা ভাঙার প্রমাণ পাওয়া যায়।

এ বিষয়ে মেহেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর ইসলাম খান, সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবদুল করিম এবং জেলা গোয়েন্দা শাখার ওসি গোপাল চন্দ্র ঘটনাস্থল পরিদর্শন করেন।

ওসি মিজানুর রহমান জানান, চুরির ঘটনাটি উদঘাটনের জন্য তদন্ত অব্যাহত রয়েছে। সন্দেহভাজন হিসেবে চারজনকে মুজিবনগর থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়েছে।

ঝিনাইদহে ইসলামী ব্যাংকের শীতবস্ত্র বিতরণ

ঝিনাইদহের হাটগোপালপুর শাহ্জালাল ইসলামী ব্যাংকের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার সকালে ব্যাংক কার্যালয়ে ৩ শতাধীক দুস্থ অসহায় শীতার্ত মানুষের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

এ সময় ব্যাংকের ব্যবস্থাপক এটিএম সামসুজ্জামান, এডভোকেট আবদুর রশিদ, এডভোকেট শফিউল আলম, এসএটিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ, হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আব্দুস সাত্তার, জেলা শ্রমিক দলের সাংগঠনিক সম্পাদক মশিয়ার রহমান, বিশিষ্ট ব্যবসায়ী মহিউদ্দিন টিটু, দি-বিজনেস স্ট্যান্ডার্ড ও দৈনিক রানার পত্রিকার জেলা প্রতিনিধি বসির আহাম্মেদ সহ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে ৩ শতাধীক দুস্থ অসহায় শীতার্ত মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়। শীতবস্ত্র পেয়ে অসহায় মানুষগুলো সন্তুষ্টি প্রকাশ করেন।